11 MAR 2016
তারিখ 10 MAR 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

আমাদের সময়

ঢাবিতে শিক্ষার্থীদের উদ্দেশে মোহা. নূর আলী

# লক্ষ্য স্থির করে ভবিষ্যৎ সফলতার পথ তৈরি করতে হবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলের খোলা মাঠ। পিনপতন নীরবতা। শ'তিনেক শিক্ষার্থী মন্ত্রমুগ্ধের মতো শুনছেন একজন সফল মানুষের গল্প। বাইসাইকেল নিয়ে ঘাম ঝরিয়ে রাজধানীতে ছুটে বেড়ানোর গল্প। সূর্যসেন হলের ছোট্ট একটি কক্ষ থেকে পাঁচ তারকা হোটেল ওয়েস্টিন তৈরির গল্প। তিলে তিলে মেধা, ঘাম আর শ্রমের বিনিময়ে একটি ব্যবসায়িক গ্রুপ তৈরির গল্প। হ্যাঁ মাস্টারদা সূর্যসেন হলের সাবেক আবাসিক শিক্ষার্থী ও ইউনিক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মোহা. নূর আলী অনুষ্ঠানে শোনান তার সাফল্যগাথা। গতকাল বোরাক রিয়েল এস্টেট নবম সূর্যসেন স্মারক আন্তঃক্লাব বিতর্ক উৎসবের প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন তিনি।

সূর্যসেন বিতর্ক ধারার সভাপতি মো. জোবায়ের হোসেনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাজহারুল কবির শয়নের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সূর্যসেন হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি সিরাজুম মুনির এবং বিতর্ক ধারার মডারেটর আবদুল মোমেন মিল্টন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পরিবেশকর্মী কামরুল আহসান খান, বিশিষ্ট ব্যবসায়ী মাহফুজুর রহমান জলিল, ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সাবেক সভাপতি সৈয়দ আরিফ হোসেন আশিক, বর্তমান সভাপতি জিএম আরিফুর রহমান

এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

## লক্ষ্য স্থির করে ভবিষ্যৎ সফলতার পথ

(৩ এর পৃষ্ঠার পর) ও সাধারণ সম্পাদক আবু রায়হান। অনুষ্ঠানে বিতর্ক ধারার বার্ষিক প্রকাশনা অর্কের মোড়ক উন্মোচন করেন সূর্যসেন হলের প্রাধ্যক্ষ ড. এএসএম মাকসুদ কামাল।

প্রধান অতিথির বক্তব্যে মোহা. নূর আলী বলেন, জীবনে বড় হতে হলে লক্ষ্য স্থির করতে হবে। কমিটমেন্ট ঠিক রাখতে হবে। পাশাপাশি কাঙ্ক্ষিত স্থানে যেতে একাগ্রতা ও সততা থাকা বাঞ্ছনীয়। জীবনে সময় খুব গুরুত্বপূর্ণ। তাই সময়টাকে পূর্ণরূপে কাজে লাগাতে হবে। তিনি বলেন, জীবন অভিজ্ঞতা ও জ্ঞান ছাড়া কিছুই নয়। জ্ঞান অর্জনের মাধ্যমেই শ্রেষ্ঠত্ব অর্জন করতে হবে। বিশ্বকে জয় করতে হলে দেশ ও মানুষের প্রতি মমত্ববোধ ও ভালবাসা থাকতে হবে।

ইউনিক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, মানুষের জীবন তিন ভাগে বিভক্ত। শিক্ষাজীবন, কর্মজীবন ও অবসর। তাই এখনই লক্ষ্য স্থির করে নিতে হবে। এই ছোট্ট জীবন স্বাস্থ্য, সময় আর টাকার ওপর নির্ভরশীল। তাই এগুলোকে যথাযথভাবে কাজে লাগিয়ে তরুণদের দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করতে হবে।

ড. এএসএম মাকসুদ কামাল বলেন, বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য মানুষকে পরিপূর্ণভাবে গড়ে তোলা। যুক্তি-তর্কের ওপরই প্রতিষ্ঠিত হবে মানুষ। যে সমাজে বিতর্ক নেই সেই সমাজ একটি বদ্ধ জলাশয়। সিরাজুম মুনির বলেন, বিতর্ক হচ্ছে সত্যের অনুসন্ধান মিথ্যাকে যুক্তির মাধ্যমেই পরাজিত করতে হবে।